# বিনিয়োগ সহায়তার আওতায় স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পিজি সদস্য'র মুরগির জন্য ক্লাইমেট স্মার্ট সেড নির্মাণ নির্দেশিকা

(Guidelines for the Establishment of Climate Smart Poultry Shed for Scavenging Poultry PG Members under Investment Support)

প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
http//: lddp.portal.gov.bd

# বিনিয়োগ সহায়তার আওতায় স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পিজি সদস্যদের মধ্যে ক্লাইমেট স্মার্ট ঘর নির্মাণ নির্দেশিকা

**ভূমিকাঃ**

আমাদের দেশে আদিকাল থেকেই দেশি মুরগি পালন করা হয়ে আসছে। দেশের প্রায় অর্ধেক দেশি মুরগি পারিবারিক ভাবে স্ক্যাভেঞ্জিং (চরে খাওয়া) পদ্ধতিতে পালন করা হয়। দেশী /সংকর জাতের মুরগী পালনের সুবিধা হচ্ছে এই জাতের মুরগি আমাদের দেশের আবহাওয়া ও পরিবেশের সাথে সহজেই খাপ খাইয়ে নিতে পারার কারণে রোগ-ব্যাধি  সাধারণত কম হয়। সাধারণতঃ দেশি মুরগি খাবারের বেশির ভাগই আশপাশে চরে খাবার সংগ্রহ করে বলে লালন-পালন খরচ খুব কম। দেশি মুরগি হতে উৎপাদিত ডিম ও মাংস পরিবারে পুষ্টির যোগান দিয়ে থাকে। এছাড়া দেশি মুরগি ও ডিম বিক্রি করে আমাদের দেশের অসংখ্য মানুষের বিশেষ করে নারীদের অংশগ্রহণ ও পারিবারিক আয় বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়নে অন্যতম উপায় হিসেবে গণ্য হয়েছে। পারিবারিক পর্যায়ে ব্যবসায়িক ভিত্তিতে লাভজনক ভাবে দেশি মুরগি পালনে উন্নত পদ্ধতি অনুসরণ অপরিহার্য। খামার পর্যায়ে মোরগ-মুরগি পালনে অভুতপূর্ব উন্নয়ন সাধিত হলেও পারিবারিক পর্যায়ে ব্যবস্থপনার তেমন একটি উন্নয়ন ঘটেনি, ফলে রোগ-বালাই এর কারনে প্রতি বছর খামারীর অনেক সংখ্যক মুরগী মারা গিয়ে থাকে। মুরগি পালন পদ্ধতি উন্নত ও লাভজনক করার জন্য উপযুক্ত ঘর তৈরীর আবশ্যকতা রয়েছে যেখানে প্রয়োজনীয় আলো বাতাস চলাচল করতে পারে, মোরগ-মুরগি উপযুক্ত পরিবেশে অধিক উৎপাদনে সক্ষম হতে পারে।

**উদ্দেশ্যঃ**

১. পরিবেশ বান্ধন পোল্ট্রি সেড (ঘর)-এ মুরগি পালনের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি;

২. পারিবারিক পর্যায়ে দেশি মুরগি পালনে খামারিদের উৎসাহিত করা;

৩. পরিবেশ বান্ধব পোল্ট্রি সেডে মুরগি পালনের মাধ্যমে রোগ-বালাই নিয়ন্ত্রণ করা;

**নির্বাচিত খামারীর করণীয়ঃ**

১. স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পিজি'র সকল সদস্যদের জন্য পরিবেশ বান্ধব পোল্ট্রি সেড (ঘর) নির্মাণ করতে হবে;

২. পিজিভূক্ত সদস্যগণ নিয়মিত মাসিক সভা ও প্রশিক্ষণ অংশগ্রহণ এবং মাসিক সঞ্চয় জমা করবেন;

৩. পিজিভূক্ত সদস্যগণ গ্রুপের গঠনতন্ত্রের সকল নির্দেশাবলী মেনে চলবেন;

৪. ঘরটি অবশ্যই স্বাস্থ্যসম্মত পরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্ন এবং খোলামেলা স্থানে স্থাপন করতে হবে;

৫. পিজি সদস্যের খামারের সকল রেকর্ড/তথ্য সংরক্ষণ করবেন;

৬. পিজি সদস্য বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনী বা মাঠ দিবসে অংগ্রহণ করবেন;

৭. পিজি বহির্ভুত খামারিদেরকে খামার প্রদর্শনের ব্যবস্থা করবেন যাতে করে অন্যান্য খামারি অনুপ্রাণিত হয়;

৮. পোল্ট্রি সেড নির্মাণে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে পিজি সদস্য নিজে ব্যয় বহণ করবেন;

৯. পিজি সদস্য নির্দিষ্ট ডিজাইনের আলোকে খামারের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করবেন;

১০. স্ক্যাভেঞ্জিং পোল্ট্রির সেড অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না;

**স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পিজি সদস্যদের জন্য মুরগির সেড (ঘর) নির্মাণ বাস্তবায়ন পদ্ধতিঃ**

সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সার্বিক তত্ত্বাবধানে নিম্নোক্ত কমিটি কর্তৃক সংশ্লিষ্ট পিজি সদস্যদের মুরগির ঘর নির্মাণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদারকি এবং বাস্তবায়িত হবে।

**কমিটি'র রূপরেখাঃ**

| ক্রমিক নং | কর্মকর্তা/প্রতিনিধির নাম | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সভাপতি |
| ২ | ভেটেরিনারি সার্জন (ভিএস) | সদস্য |
| ৩ | উপসহকারী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (জেষ্ঠ্যতম-সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৪ | এলএফএ (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫ | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা (এলইও) (এলডিডিপি-সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য-সচিব |

- এলএসপিগণ (সংশ্লিষ্ট পিজি) অবশ্যই উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে সেড নির্মাণ কাজটি পিজি সদস্যদের দ্বারা বাস্তবায়ন করবেন।

**কমিটির কার্যপরিধিঃ**

১. পিজি'র গঠনতন্ত্র অনুযায়ী অনুমোদিত স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পিজি'র সকল সদস্যের মুরগির সেড (ঘর) নির্মাণ কাজ তদারকি ও বাস্তবায়ন করবে;

২. অনুমোদিত সেডের নকশা অনুযায়ী মুরগির সেড নির্মাণ নিশ্চিত করতে হবে;

৩. ইউএলও'র সার্বিক নির্দেশনায় পিজি সংশ্লিষ্ট এলএসপিগণ মুরগির সেড নির্মাণে সহায়তা প্রদান নিশ্চিত করবেন;

৪. সংশ্লিষ্ট এলএসপিগণ নির্মাণ কাজের অগ্রগতি ইউএলওকে সবসময় অবহিত করবেন;

৫. সেড নির্মণকালীন কিংবা পরবর্তীতে সেডের সার্বিক নিরাপত্তা পিজি সদস্য নিশ্চিত করবেন;

৬. আগামী জুন/২০২৩খ্রি. মাসের মধ্যে গুনগতমান বজায় রেখে নির্মাণ কাজ সম্পন্ন নিশ্চিত করতে হবে;

৭. ইউএলও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সকল নির্মাণ শেষে চুড়ান্ত প্রতিবেদন প্রকল্প দপ্তরে দাখিল করবেন;

## গ) অনুদান চুক্তি (Grant's agreement):

- মুরগির সেড নির্মাণ শুরু/শেষ পর্যায়ে পিজি সদস্যের সংগে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অনুদান চুক্তি (Grant's agreement) সম্পাদন করতে হবে।

- চুক্তি সম্পাদনের (নমুনা অনুযায়ী) ক্ষেত্রে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (১ম পক্ষ) এবং পিজি সদস্য (২য় পক্ষ) হিসেবে চুক্তি স্বাক্ষর করবেন।

**ঙ) প্রদর্শনী সাইনর্বোড স্থাপনঃ**

নতুন নতুন উদ্যোক্তাদের দৃষ্টিগোচর স্থানে (নমুনা অনুসারে) সাইনবোর্ড স্থাপন করতে হবে।

**প্রদর্শনের জন্য সাইন বোডের্র নমুনাঃ**

**সাইন বোর্ডের পরিমাপঃ** ১.৫ ফুট দৈর্ঘ্য এবং ১ ফুট প্রস্থ (সিআই শীটের তৈরী)

| **স্ক্যাভেঞ্জিং পোল্ট্রির পরিবেশ বান্ধব সেড** | | | |
|---|---|---|---|
| ০২ | পিজি সদস্যের নাম ও আইডি নং | : | |
| ০৩ | ঠিকানা | : | গ্রামঃ------------------------;<br>ইউনিয়নঃ-------------------;<br>উপজেলাঃ------------------;<br>জেলাঃ----------------------; |
| ০৬ | মোরগ-মুরগির সংখ্যা | : | |
| বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ..........................<br>সহযোগিতায়ঃ প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)<br>প্রাণিসম্পদ অধিদপ্তর<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
http//: lddp.portal.gov.bd

# বিনিয়োগ সহায়তার আওতায় মুরগির সেড নির্মাণ সংক্রান্ত স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পিজি সদস্য'র সাথে চুক্তিপত্র

আমরা উভয়পক্ষ (১ম পক্ষ ও ২য় পক্ষ) আলোচনার মাধ্যমে টেকসই ডেইরি উন্নয়নকল্পে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)-এর অধীন **বিনিয়োগ সহায়তার আওতায় স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পিজি সদস্য'র জন্য মুরগির সেড নির্মাণ এবং পরবর্তীতে রক্ষণাবেক্ষণ/সুষ্ঠ ব্যবহার** নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলীর আলোকে সম্মত হওয়ায় অদ্য ………………, ১৪৩০ বঙ্গাব্দ (………………… ২০২৩খ্রী.) তারিখে চুক্তিপত্র সম্পাদন করলামঃ

**প্রথম (১ম) পক্ষঃ** প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)-এর পক্ষে নামঃ -------------------------------------- পদবীঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রতিষ্ঠান/দপ্তরঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ---------------, জেলাঃ------------------------।

**বনাম**

**দ্বিতীয় (২য়) পক্ষঃ স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পিজি সদস্য**

পিজি সদস্য'র নাম:-------------------------------------------, সদস্য আইডি:---------------------------------------
পিতার নাম:-----------------------------------------------------, মাতার নাম:----------------------------------------,
ঠিকানা: গ্রাম:…………………………ইউনিয়ন:……………………, উপজেলা:……………………, জেলা: ……………………
জাতীয় পরিচয়পত্র নং……………………………, মোবাইল নং……………………………………।

**শর্তাবলী:**

**প্রথম (১ম) পক্ষঃ**

১। অনুমোদিত গাইডলাইনের আলোকে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের তদারকি ও তত্ত্বাবধানে মুরগির সেডটি নির্মাণ কাজ বাস্তবায়িত হবে। ইহার কোন পরিবর্তন কিংবা পরিবর্ধণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (পিএমইউ/পিআইইউ) পরামর্শ বা অনুমোদন ব্যতিরেকে করা যাবে না;

২। প্রকল্প দপ্তর কর্তৃক সরবরাহকৃত নকশা (ডিজাইন) অনুযায়ী স্থানীয়ভাবে সহজলভ্য ও মানসম্মত উপকরণ দিয়ে মুরগির সেড নির্মাণ করা হবে। পিজি সদস্য (২য় পক্ষ) অনুমোদিত নকশার (ডিজাইন) আলোকে সেডটি নির্মাণের উপযুক্ত স্থান বরাদ্দ ও কাজটি বাস্তবায়ন করবেন। এক্ষত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্মাণ কাজের সার্বিক তদারক করবেন;

৩। মুরগির সেডটি প্রস্তুতকালীন/সম্পূর্ণ প্রস্তুত হওয়ার পর সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের মাধ্যমে বিনিয়োগ সহায়তা হিসাবে একাউন্ট-পে চেকের মাধ্যমে সংশ্লিষ্ট পিজি সদস্যকে অর্থ প্রদান করা হবে;

৪। মুরগির সেডটি নির্মাণ ব্যয় ও অনুসাঙ্গিক সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে সরকারী ক্রয় বিধিমালা যথাযথভাবে অনুসরণ এবং প্রকল্পের আর্থিক সংস্থান অনুযায়ী সম্পন্ন করা হবে;

৫। মুরগির সেডটি নির্মাণ পরবর্তী ইহার সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ২য় পক্ষ (পিজি সদস্য) সম্পাদন করবেন;

৬। মুরগির সেড নির্মাণ খরচের ভাউচার এবং নির্মাণ সম্পন্ন হওয়ার পর পূর্ণাঙ্গ প্রতিবেদনসহ (প্রমানকসহ) সংশ্লিষ্ট উপজেলা দপ্তরের মাধ্যমে প্রকল্প দপ্তরে দাখিল করবে;

৭। নির্মাণ কাজ বাস্তবায়নে কোন প্রকার অনাকাঙ্খিত সমস্যা ও সম্ভাব্য ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে ২য় পক্ষ (পিজি সদস্য) ব্যবস্থা নিবে;

৮। প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ)-এর পক্ষ থেকে মুরগির সেডটি বিনিয়োগ সহায়তা কার্যক্রমের প্রভাব মূল্যায়ন (Impact Assessment) করা হবে বিধায় এ ব্যাপারে সংশ্লিষ্ট পিজি সদস্য প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন;

৯। উল্লিখিত কার্যক্রমে বিনিয়োগ সহায়তা প্রদানের ক্ষেত্রে সার্বিক ক্ষমতা পিএমইউ/পিআইইউ সংরক্ষণ করবে;

**<u>দ্বিতীয় (২য়) পক্ষঃ</u>**

১। প্রদর্শনী খামার স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে অনুমোদিত গাইডলাইনের আলোকে ১ম পক্ষের তত্ত্বাবধানে মুরগি খামারটি পরিচালনার বিষয়ে সম্মত থাকবে এবং এতদবিষয়ে সকল নিয়ম-কানুন যথাযথভাবে অনুসরণ করবে;

২। নির্ধারিত ডিজাইনের ভিত্তিতে ১টি সেড (১৮-২০টি মুরগি) নিজস্ব জমির/জায়গায় স্থাপনে সম্মত থাকবেন;

৩। প্রকল্প কর্তৃক নির্ধারিত ডিজাইনের ভিত্তিতে নির্মিত সেডের সার্বিক রক্ষণাবেক্ষণ পিজি সদস্য বহণ করবেন;

৪। বিনিয়োগ সহায়তার আওতাধীন খামারিকে (২য় পক্ষ) প্রাপ্ত সামগ্রীসমূহ সংশ্লিষ্ট ক্ষেত্রে (যে কাজে দেয়া হয়েছে) যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে;

৫। পিজি সদস্য (২য় পক্ষ) প্রাপ্ত সকল সামগ্রীর সার্বিক নিরাপত্তা বিধান করবেন এবং সামগ্রীসমূহ সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ করবেন;

৬। প্রকল্প থেকে প্রদত্ত সহায়তা উপকরণ ও সরঞ্জাম হারিয়ে গেলে কিংবা ক্ষতিগ্রস্থ হলে (উপযুক্ত কারণ ব্যতিরেকে) তা খামারীকে (২য় পক্ষ) নিজ খরচে মেরামত কিংবা প্রতিস্থাপন করতে হবে;

৭। মুরগির খামারটি কোনক্রমেই অন্য জায়গায় বিক্রয়/লিজ/হস্তান্তর করা যাবে না। ইহা খামারী ও প্রকল্পের সমন্বিত কার্যক্রম হিসেবে বিবেচিত হবে;

৮। এতদবিষয়ে কোন সমস্যার সৃষ্টি হলে স্থানীয় উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে যোগাযোগ করতে হবে;

৯। প্রয়োজনানুসারে খামারের তথ্যাবলী দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিনিধির নিকট সরবরাহ করতে হবে;

১০। খামারি (২য় পক্ষ) খামারের সকল ধরণের রেকর্ড সংরক্ষণ করবেন এবং কর্তৃপক্ষকে প্রেরণ, যথাঃ ১ম পক্ষ হতে প্রাপ্ত উপকরণ, উপকরণ হতে সুবিধা/অসুবিধা এবং কতজনকে আদর্শ খামার পরিচালনার বিষয়ে পরামর্শ দিয়েছেন ইত্যাদি;

১১। অন্যান্য খামারিকে আদর্শ খামার স্থাপন ও ব্যবস্থাপনায় উদ্বুদ্ধকরণের জন্য উৎসাহ প্রদানকল্পে উন্মুক্ত রাখতে হবে;

১২। প্রকল্প মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও কায়ক্রমসমূহ অব্যাহত থাকবে;

১ম পক্ষের স্বাক্ষর (প্রকল্প কর্তৃপক্ষের পক্ষে পিআইইউ)

নামঃ -----------------------------

পদবীঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

প্রতিষ্ঠানঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, -------------।

মোবাইল নম্বরঃ-------------------।

২য় পক্ষের স্বাক্ষর (পিজি সদস্য)

পিজি সদস্য'র নামঃ-----------------

পিজি'র নামঃ-----------------------

জাতীয় পরিচয় পত্র নম্বরঃ-----------

মোবাইল নম্বরঃ-------------------। -

স্বাক্ষী (১ম পক্ষ)

১।

২।

স্বাক্ষী (২য় পক্ষ)

১।

২।


## স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি পালনের জন্য ঘর নির্মানের বিবরণঃ

১। **ঘরের আকারঃ** মেঝে- ৮০ ইঞ্চি × ৬০ ইঞ্চি , উচ্চতা- মেঝে হতে ৪ ফুট প্রি-কাস্ট সিমেন্টের ছয়কোনা (hexagonal) খুটি এবং ২ফুট উচু মটকা পর্যন্ত। মাটি হতে মেঝে ১ ফুট উচু ফাঁকা থাকবে। খুটিগুলির নীচ প্রান্ত মাটির নিচে একফুট গভীরে একটি করে ইটের উপর বসানো থাকবে। মেঝে তৈরী হবে মোট ৬টি ৪০ ইঞ্চি × ২০ ইঞ্চি প্লাস্টিক slate দিয়ে। উক্ত slate গুলি ৩ ইঞ্চি × ২ ইঞ্চি মেহগিনি কাঠের কাঠামোর উপর বসানো থাকবে এবং মেঝের ভার বহনের জন্য ইটের ১০ ইঞ্চি × ১০ ইঞ্চি ১ ফুট উচ্চতার ৯টি পিলার থাকবে।

২। **ঘরের চালঃ** মেরুন রঙের ০.৪৫৭ মিমি গেজ- পুরুত্ব ইন্ডাস্ট্রিয়াল টিনের চাল ও মটকা হবে। টিনের তাপ নিরসনের জন্য টিনের নীচে ইনসুলেটর ব্যবহার করতে হবে। টিনের চালের ফ্রেম মেহগিনি কাঠের তৈরী হতে হবে (২ ইঞ্চি × ২ ইঞ্চি এবং ২ ইঞ্চি × ১ ইঞ্চি মাপের)।


৩। **ঘরের বেড়াঃ** মেঝে থেকে দুই ফুট উচ্চতা পর্যন্ত প্লেন ষ্টিল সিট দিয়ে চার পাশ ঘেরা থাকবে, অবশিষ্ট অংশ মেহগিনি কাঠের ১ ইঞ্চি × ১ ইঞ্চি উভয় পাশে ৩টি বাটাম দিয়ে ১ ইঞ্চি × ১ ইঞ্চি ফাকের সবুজ রংয়ের প্লাস্টিক মোড়ানো (plastic coated wire mesh) ১৪ নম্বর গেজ জিআই তারের জালি দিয়ে ঘেরা থাকবে। সম্মুখভাগে ৩ ফুট × ২ ফুট আকারের ১০ মিমি সাইজের রডের তৈরী ফ্রেমের উপর একই জালি দিয়ে তৈরী একটি দরজা এবং দরজা বন্ধ করার জন্য তালা লাগানোর ব্যবস্থা থাকবে।

৪। **ঘরের রাম্পঃ** স্ক্যাভেঞ্জিং পোল্ট্রি_ঘরে উঠার/নামার জন্য মেহগিনি কাঠের তৈরী ২ ফুট চওড়া একটি রাম্প সংযুক্ত থাকবে।




# Poultry Shed

# Plan




# Poultry Shed